# এইসএসসি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## সমাজকর্ম প্রথম পত্র

বিষয় কোড: ২৭১

সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘন্টা ১০ মিনিট                    পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ সোহানা অনার্স পরীক্ষার পূর্বে ফিল্ড ওয়ার্ক করছিল। তার মামা জিজ্ঞেস করলো কোন বিষয়ে পড়ছিস যে ফিল্ড ওয়ার্ক করতে হচ্ছে। সোহানা উত্তর দিল যে, এমন একটি বিষয় নিয়ে আমি পড়ছি, বর্তমান বিশ্বে যার চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। এটি আমাদের দৈনিন্দিন জীবনের নানা মনোসামাজিক সমস্যা সমাধানে সাহায্য করে। মানুষের সমস্যা সমাধানে তাকে সক্ষম করে তোলে।

ক. সমাজকর্ম কী? ১

খ. সমাজকর্মে পেশাদার সমাজকর্মী বলতে কী বোঝায়? ২

গ. সোহানা কোন বিষয় নিয়ে পড়াশুনা করছে? উদ্দীপকের আলোকে তার উদ্দেশ্য বর্ণনা কর? ৩

ঘ. বর্তমান বিশ্বে উক্ত বিষয়টির গুরুত্ব বৃদ্ধি পাওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪

**২.** ▶ বিশিষ্ট অর্থনীতিবিদ সামাদকে সরকার দেশের বিভিন্ন সামাজিক সমস্যা নিরসন ও সমাজের পুনর্গঠনে মতামত প্রদানের জন্য একটি কমিটির প্রধান নিযুক্ত করেন। তিনি ১৪ মাস জরিপ শেষে সমাজে বিরাজমান দৈত্যাকার ৫টি সমস্যা চিহ্নিত করে তা নিরসনের কিছু সুপারিশ দেন। সরকার তার সুপারিশের আলোকে কিছু আইন প্রণয়ন ও কর্মসূচি গ্রহণ করেন।

ক. ১৬০১ সালের দরিদ্র আইন কী? ১

খ. বিভারিজ রিপোর্ট বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে মি. সামাদ এর রিপোর্টের নাম কী? এর সুপারিশমালা লেখ। ৩

ঘ. "মি. সামাদের রিপোর্টের জন্যই সেই দেশটি একটি কল্যাণ রাষ্ট্রে পরিণত হয়েছে"— ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

৩.▶ ১৭৮০ থেকে ১৮৫০ সালের মধ্যবর্তী সামাজিক বিপ্লবের ফলে সমাজের ভালো এবং মন্দ পরিবর্তন হয়েছিল। ফলে সমাজে উৎপাদন বৃদ্ধি পায়, কর্মসংস্থান বাড়ে, আবার সমাজে সামাজিক বিচ্ছিন্নতা, একাকিত্ব, দুর্ঘটনাও দেখা দেয়।

ক. শিল্প বিপ্লব কী? ১

খ. পারিবারিক ভাঙন ও বিচ্ছিন্নতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের আলোকে ঐ বিপ্লবের নেতিবাচক দিক লেখ। ৩

ঘ. উদ্দীপকের বিপ্লবটির ইতিবাচক দিকসমূহ লেখ। ৪

৪.▶ কলি পেশায় একজন ডাক্তার। তিনি উচ্চতর ডিগ্রি নিয়েছেন এবং মেডিকেল সনদ লাভ করেছেন। তিনি চিকিৎসার মাধ্যমে প্রচুর অর্থ উপার্জন করেন এবং জনকল্যাণ করতে আগ্রহী। তার প্রতিবেশী রহিমা বেগম লেখাপড়া জানে না। সে ইট ভাঙার কাজ করে দিন কাটায়।

ক. বৃত্তি কী? ১

খ. পেশা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কলির পেশার বৈশিষ্ট্য লেখ। ৩

ঘ. উদ্দীপকে কলি এবং রহিমা বেগমের কাজের পার্থক্য লেখ। ৪

৫.▶ রাবেয়া বেগম একাডেমিক কোনো শিক্ষা অর্জনের সুযোগ পাননি। নিজের আগ্রহে এবং ভাইয়ের সাহায্যে শিক্ষা গ্রহণ করেন। তিনি নারী সমাজকে অন্ধকার থেকে উদ্ধারের চেষ্টা করেন। স্কুল প্রতিষ্ঠা করে নারী শিক্ষার গুরুত্ব তুলে ধরেন।

http://teachingbd.com

ক. সমাজ সংস্কার কী? ১

খ. সামাজিক পরিবর্তন বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের ব্যক্তির সাথে তোমার পাঠ্য বইয়ের সাদৃশ্যপূর্ণ ব্যক্তির পরিচিতি দাও। ৩

ঘ. নারী শিক্ষা আন্দোলনে তার অবদান মূল্যায়ন কর। ৪

৬. ▶ আফসানা একজন সমাজকর্মী। একদিন একজন অস্বাভাবিক আচরণকারী ব্যক্তি তার কাছে সাহায্যপ্রার্থী হিসেবে আগমণ করেন। সে সামাজিক বিজ্ঞানের একটি বিশেষ শাখার মাধ্যমে সমাধানের চেষ্টা করেন।

ক. সমাজবিজ্ঞান কী? ১

খ. মনোবিজ্ঞান বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সাহায্যপ্রার্থীর সমস্যা সমাধানের জন্য কোন বিজ্ঞানের সাহায্য নেওয়া প্রয়োজন— ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে সমস্যা সমাধানে সামাজিক বিজ্ঞানের যে শাখা সম্পর্কে বলা হয়েছে তার সাথে সমাজকর্মের পার্থক্য লেখ। ৪

৭. ▶ লিমন মাস্টার্স শেষ পর্বের সময় মাঠকর্ম সম্পাদনে তেজগাঁও মাদকসক্তি নিরাময় কেন্দ্রে সমাজসেবা কর্মকর্তার অধীনে রোগীদের নিয়ে কাজ করে। তাকে রোগীর জীবন ইতিহাস সংগ্রহ করে তা বিশ্লেষণ করতে হয় এবং এর আলোকে তাদের সমস্যার সমাধানের পদক্ষেপ নিতে হয়। গৃহীত পদক্ষেপ কতটা কার্যকর হলো সে জন্য তাকে তাদের সাথে বারবার যোগাযোগ করতে হয়।

teachingbd.com

ক. সমাজকর্ম পদ্ধতি কী? ১
খ. ব্যক্তি সমাজকর্ম বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে লিমনের পদ্ধতির উপাদান আলোচনা কর। ৩
ঘ. লিমনের পদ্ধতিটির ৫টি প্রয়োগক্ষেত্রে আলোচনা কর। ৪

৮.▶ অমিয় বাবু একজন সমাজসংস্কারক। তিনি হিন্দু সমাজের ক্ষতিকর রীতি-নীতি ও কুসংস্কারের বিরোধী ছিলেন। তখন হিন্দু সমাজে স্বামীর মৃত্যুর পর স্ত্রীকে চিতায় দেওয়া হত। তিনি এ ব্যবস্থা বন্ধ করেন।

ক. সমাজসংস্কার কী? ১
খ. সতীদাহ প্রথা উচ্ছেদ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের ব্যক্তির সাথে তোমার বইয়ের সামঞ্জস্যপূর্ণ ব্যক্তির পরিচয় দাও। ৩
ঘ. উদ্দীপকের ব্যক্তির আন্দোলনের তাৎপর্য লেখ। ৪

৯.▶ মামুন অনার্স শেষবর্ষের ফিল্ড ওয়ার্কে ধানমন্ডির "HI-CARE"-এ তিন মাসের গবেষণা কাজ করেন। আধুনিক পৃথিবীতেও কিভাবে বঞ্চিত হচ্ছে প্রতিবন্ধী, বধির শিশুরা তার বাস্তব চিত্র সে দেখে। সরকার বিভিন্ন নীতিমালা ও পরিকল্পনা গ্রহণ করলেও এর কোনটির বাস্তবায়নের দিকে কখনও নজর দেয় না, এটি তার কাছে মনে হয়েছে।

ক. সামাজিক নীতি কী? ১
খ. সামাজিক পরিকল্পনা বলতে কী বোঝায়? ২
গ. শিক্ষানীতি ২০১০ এর মূল উদ্দেশ্যসমূহ কী কী? ৩
ঘ. "আধুনিক পৃথিবীতেও বঞ্চিত হচ্ছে প্রতিবন্ধী শিশুরা-শিক্ষানীতি, ২০১০ "প্রতিবন্ধী ও অবাঞ্ছিত শিশু" এর আলোকে ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

# সমাজকর্ম প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড: ২ ৭ ১

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **'সমাজকর্ম একটি বহুমুখী পেশা'-উক্তিটি কার?**
ক ফ্রিডল্যান্ডার খ আরমান্ডো মোরেলস
গ স্কিডমোর ঘ সমাজকর্ম অভিধান

২. **সমাজকর্মের লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণে কত সালে NASW কর্তৃক প্রকাশিত বিষয়গুলোকে প্রাসঙ্গিক বলে বিবেচনা করা হয়?**
ক ১৯৮০ সালে খ ১৯৮১ সালে
গ ১৯৮২ সালে ঘ ১৯৮৪ সালে

৩. **সামাজিক উন্নয়নের পূর্বশর্ত কী?**
ক সামাজিক সচেতনতা
খ অর্থনৈতিক উন্নয়ন
গ সংশোধনমূলক কার্যক্রম
ঘ মানবাধিকার নিশ্চিতকরণ

৪. **জাতিসংঘের সামাজিক কমিশন আন্তর্জাতিক জরিপ পরিচালনার মাধ্যমে সমাজকর্মের যে বৈশিষ্ট্য উল্লেখ করেছেন তা হলো—**
i. একটি সাহায্যকারী কার্যক্রম
ii. একটি সংযোগকারী কার্যক্রম
iii. একটি সামাজিক কার্যক্রম
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. **পেশাগত সম্পর্ককে সমাজকর্মের ভাষায় কী বলা হয়?**
ক র‍্যাপো খ আত্মার সম্পর্ক
গ ঐশ্বরিক সম্পর্ক ঘ রিপোর্ট

৬. **বিংশ শতাব্দীর শুরুতে ইংল্যান্ডে কোন সমস্যা ভয়াবহ রূপ নেয়?**
ক জঙ্গি খ মহামারি
গ বেকারত্ব ঘ প্রাকৃতিক দুর্যোগ

৭. **কত সালে ইংল্যান্ডে প্রথম শ্রমিক আইন প্রণয়ন হয়?**
ক ১৩৪২ সালে খ ১৩৪৫ সালে
গ ১৩৪৭ সালে ঘ ১৩৪৯ সালে

৮. **কম খরচে নির্ভরশীল বালক-বালিকা ভরনপোষণের ব্যবস্থা গ্রহণের পদ্ধতিকে বলা হয়—**
ক Work House খ Alms House
গ Lowest Bidder ঘ Able Poor

৯. **১৯০৫ সালে রাজকীয় কমিশনের সভাপতি ছিলেন কে?**
ক লর্ড জর্জ হ্যামিলটন খ লর্ড মাউন্ট ব্যাটেন
গ লর্ড কর্নওয়ালিশ ঘ লর্ড হার্ডিঞ্জ

১০. **বিভারিজ রিপোর্টের ভিত্তিতে প্রণয়ন করা হয়—**
i. জাতীয় বিমা আইন-১৯৪৬
ii. ১৯১৯ সালের কারখানা আইন
iii. জাতীয় স্বাস্থ্যসেবা আইন-১৯৪৬
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১১. **CSWE শিক্ষার মান উন্নয়নে যার ভিত্তিতে সমাজকর্ম শিক্ষার প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে—**
i. সমাজকর্মের নীতির
ii. প্রশিক্ষণের iii. আদর্শের
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২. **কোন দেশে প্রথম পেশাগত সংগঠনের সূত্রপাত হয়?**
ক আমেরিকায় খ ইংল্যান্ড
গ ফ্রান্সে ঘ জার্মানিতে

১৩. **ধর্ম মানুষের জীবনকে আবদ্ধ করে—**
i. নির্দিষ্ট ক্রিয়া প্রতিক্রিয়ার মাধ্যমে
ii. কর্ম ও আচরণের সীমারেখায়
iii. মানবসেবা ও পরোপকারিতায়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:**
পরিবারে সদস্যদের সম্মতিতে লায়লা ডাক্তার হয়েছে। যার জন্যে তাকে নির্দিষ্ট বিষয় বা ক্ষেত্রে তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞান অর্জন করতে হয়েছে। এটি যথাযথ দক্ষতা, নৈপুণ্যতা ও কৌশলের মাধ্যমে বাস্তবক্ষেত্রে প্রয়োগ করতে হয়।

১৪. **উদ্দীপকে কোন বিষয়টিকে নির্দেশ করা হয়েছে?**
ক পেশা খ বৃত্তি
গ পেশাগত দায়িত্ব ঘ পেশাগত সংগঠন

১৫. **উক্ত বিষয়ের অন্তর্ভুক্ত নয় কোনটি?**
ক প্রকৌশলী খ আইনজীবী
গ মাঝি ঘ শিক্ষক

১৬. **উক্ত বিষয়টি হলো—**
i. বিশেষ তাত্ত্বিক শিক্ষা
ii. ব্যবহারিক প্রশিক্ষণ iii. সেবামুখী ও স্বতন্ত্র
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৭. **কত শতাব্দীতে সতীদাহ প্রথার ভয়াবহতা ব্যাপক আকার ধারণ করে?**
ক ষষ্ঠদশ ও সপ্তদশ শতাব্দীতে
খ সপ্তদশ ও অষ্টদশ শতাব্দীতে
গ অষ্টাদশ ও উনবিংশ শতাব্দীতে
ঘ উনবিংশ ও বিংশ শতাব্দীতে

১৮. **বেগম রোকেয়া কত সালে ভাগলপুর সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল প্রতিষ্ঠা করেন?**
ক ১৮০৯ সালে খ ১৯০৯ সালে
গ ১৯১১ সালে ঘ ১৯১৫ সালে

Teachingbd.com

http://teachingbd.com

১৯. বাংলাদেশে কতটি সরকারি এতিমখানা আছে?
ক ৮৫টি খ ৯০টি
গ ১০৫টি ঘ ১২৫টি

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:
ঘূর্ণিঝড় সিডরে ক্ষতিগ্রস্তদের খাদ্যাভাব দূরীকরণে দক্ষিণাঞ্চলের এলাকাগুলোতে বেশ কয়েকটি গুদাম ঘর খোলা হয়। এসব ঘরে খাদ্য সঞ্চয় করে প্রয়োজনের সময়ে এলাকাবাসীর মধ্যে বিতরণ করা হয়।

২০. উদ্দীপকে কোন সমাজকল্যাণ প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে?
ক লঙ্গরখানা খ সরাইখানা
গ ধর্মগোলা ঘ দেবোত্তর

২১. সমাজকল্যাণে উক্ত প্রতিষ্ঠানটির গুরুত্ব ছিল—
i. স্থানীয় ভিত্তিতে ঋণের সমস্যা সমাধান
ii. সামাজিক সচেতনতা বৃদ্ধিতে
iii. খাদ্যশস্য বিনা সুদে ঋণ হিসেবে কৃষকদের বিতরণ করতে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২২. আধুনিক সমাজকর্ম অপরাধ ও কিশোর অপরাধ নিরসনে কোন ব্যবস্থাকে অধিক গুরুত্ব দান করে থাকে?
ক সংশোধনমূলক খ প্রতিরোধমূলক
গ প্রতিরক্ষামূলক ঘ শাস্তির মাধ্যমে

২৩. 'The Wealth of Nations' গ্রন্থটি কার লেখা?
ক এলকে রবিনস খ এডাম স্মিথ
গ ম্যাকাইভার ঘ ডেভিস

২৪. 'Anthropology' শব্দটির উৎপত্তি কোন শব্দ থেকে?
ক ফারসি খ ল্যাটিন
গ গ্রিক ঘ ইংরেজি

২৫. মনোবিজ্ঞান আলোচনা করে—
i. মানুষের দৈহিক গঠন সম্পর্কে
ii. মানুষের বিকাশ সম্পর্কে
iii. আচরণের ওপর পরিবেশের প্রভাব সম্পর্কে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৬. 'Demography' শব্দটি সর্বপ্রথম কে ব্যবহার করেন?
ক Acille Guilar খ Duncan
গ Houser ঘ Friedlander

২৭. 'Oikonomia' শব্দের অর্থ কী?
ক গৃহ পরিচালনার বিজ্ঞান
খ সম্পদের বিজ্ঞান গ অপ্রাচুর্যের বিজ্ঞান
ঘ গৃহ ব্যবস্থাপনা

২৮. চিকিৎসা ক্ষেত্রে সমাজকর্মের প্রধান ধারনা হচ্ছে—
i. চিকিৎসা সমাজকর্ম
ii. মনোচিকিৎসা সমাজকর্ম
iii. জনসংখ্যা সমাজকর্ম
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. ব্যক্তি সমাজকর্ম সমস্যা সমাধানের প্রথম স্তর বা ধাপ কোনটি?
ক সমস্যা নির্ণয় খ সমাধান
গ অনুধ্যান ঘ অন্তর্বর্তীকালীন ব্যবস্থা

৩০. সমাধান ব্যবস্থাকে কয়টি পদ্ধতির মাধ্যমে সম্পন্ন করা যায়?
ক ৩টি খ ৪টি
গ ৫টি ঘ ৬টি

৩১. সামাজিক নীতি কী ধরনের প্রক্রিয়া?
ক সহজাত প্রক্রিয়া খ বুদ্ধিজাত প্রক্রিয়া
গ প্রকৃতিগত প্রক্রিয়া ঘ আধুনিক প্রক্রিয়া

৩২. ভিশন-২০২১ কোন ধরনের প্রক্রিয়া?
ক স্থায়ী পরিকল্পনা খ ব্যষ্টিক পরিকল্পনা
গ ঘূর্ণায়মান পরিকল্পনা ঘ আর্থিক পরিকল্পনা

৩৩. বার্ষিক বাজেট পরিকল্পনা কোন ধরনের পরিকল্পনার আওতায় পড়ে?
ক ব্যষ্টিক খ স্বল্পমেয়াদি
গ আর্থিক ঘ সামষ্টিক

৩৪. কোনটি আনুষ্ঠানিক প্রাথমিক শিক্ষার পরিপূরক ব্যবস্থা?
ক নৈতিক শিক্ষা খ বয়স্ক শিক্ষা
গ উপানুষ্ঠানিক শিক্ষা ঘ স্বাস্থ্য শিক্ষা

৩৫. 'Social Policy' নামক গ্রন্থের লেখক কে?
ক Jansan খ S.I. Gloud
গ C.H. Green ঘ Richard M. Titmass

৩৬. শিশুনীতির মূলনীতি হলো—
i. শিশুর দারিদ্র্য বিমোচন
ii. শিশুর প্রতি বৈষম্য দূরীকরণ
iii. শিশুর অধিকার নিশ্চিতকরণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৩৭. নীতি প্রণয়নের তৃতীয় ধাপ কী?
ক কমিটি গঠন খ সিদ্ধান্ত গ্রহণ
গ অবস্থা বিশ্লেষণ ঘ প্রয়োগ করা

৩৮. রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কত সালে সমাজকর্ম শিক্ষা খোলা হয়?
ক ১৯৫৬-৫৭ খ ১৯৬১-৬২
গ ১৯৬৪-৬৫ ঘ ১৯৬৭-৭০

৩৯. বর্তমানে দক্ষিণ কোরিয়ায় কত সংখ্যক লাইসেন্সধারী সমাজকর্মী রয়েছে?
ক ১ লাখ খ ২ লাখ
গ ৩ লাখ ঘ ৪ লাখ

৪০. চীনে কতটি বিশ্ববিদ্যালয়ে সমাজকর্মে পিএইচডি ডিগ্রি রয়েছে?
ক ৩৪টি খ ৩৬টি
গ ৩৮টি ঘ ৩৭টি

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | খ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | গ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | গ |
| | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ক | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | খ | ৩৪ | গ | ৩৫ | ঘ | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | ক |

Teachingbd.com

http://teachingbd.com